# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 21-01-2026** **Time: 1.30 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় মন্ত্রিসভা, অটল পেনশন যোজনার মেয়াদ ২০৩০-৩১ সাল পর্যন্ত বাড়ানোর অনুমতি দিয়েছে। একই সঙ্গে ক্ষুদ্র শিল্প ও উন্নয়ন ব্যাঙ্ক এসআইডিবিআই-কে পাঁচ হাজার কোটি টাকার ইক্যুইটি সহায়তা দেওয়ার বিষয়টি অনুমোদন করেছে কেন্দ্র।

২) বিদেশ মন্ত্রী ডক্টর জয়শঙ্কর আজ নতুন দিল্লিতে স্পেনের বিদেশ মন্ত্রী জোস ম্যানুয়েল আলবারেজ বুয়েনো-র সঙ্গে এক বৈঠকে বলেছেন, দেশগুলির যেকোনো চ্যালেঞ্জের মোকাবিলা, বিশেষ করে সন্ত্রাসবাদ দমনের ক্ষেত্রে একযোগে কাজ করা অত্যন্ত জরুরী।

৩) মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, বুথ লেবেল আধিকারিকদের দেশের নির্বাচনী গণতন্ত্রের বুনিয়াদি স্তম্ভ হিসেবে অভিহিত করেছেন।

৪) বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ নতুন দিল্লীতে দলের সদর দপ্তরে জাতীয় কার্যনির্বাহী প্রথম বৈঠকে বসেছেন।

৫) ভারতীয় বংশোদ্ভূত মহাকাশচারী সুনীতা উইলিয়ামস, নাসা থেকে অবসর নিয়েছেন।

৬) ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে আন্তর্জাতিক T-20 ক্রিকেট সিরিজ আজ শুরু হচ্ছে।

---

সরকার, অটল পেনশন যোজনার মেয়াদ ২০৩০-৩১ সাল পর্যন্ত বাড়ানোর অনুমতি দিয়েছে। এই প্রকল্পের অধীনে উন্নয়নমূলক কাজ চালিয়ে যাওয়ার জন্য তহবিল সম্প্রসারণের বিষয়েও অনুমোদন দেওয়া হয়েছে। অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের প্রবীণ বয়সে আয়ের সুরক্ষা নিশ্চিত করতে ২০১৫ সালের মে মাসে এই প্রকল্পের সূচনা হয়েছিল। নতুন দিল্লীতে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

উল্লেখ্য, এই প্রকল্পের অধীনে উপভোক্তাদের দেয় অর্থের ওপর ভিত্তি করে ৬০ বছর বয়সের পর নূন্যতম দেড় হাজার টাকা থেকে ৫ হাজার টাকা পর্যন্ত পেনশন প্রদানের সুবিধা রয়েছে। এ যাবত ৮ কোটি ৬৬ লক্ষ উপভোক্তা এই প্রকল্পের অধীনে নাম নথিভুক্ত করেছেন।

---

সরকার ক্ষুদ্র শিল্প ও উন্নয়ন ব্যাঙ্ক এসআইডিবিআই-কে পাঁচ হাজার কোটি টাকার ইক্যুইটি সহায়তা দেওয়ার বিষয়টি অনুমোদন করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে আজ মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। এর ফলে ক্ষুদ্র, অতি ক্ষুদ্র ও মাঝারি শিল্প - এমএসএমই ক্ষেত্রে ২৫ লক্ষ ৭৪ হাজার নতুন উপভোক্তা উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে।

এই ইক্যুইটি সহায়তার ফলে ২০২৫-২৬ আর্থিক বছরের শেষে এমএসএমইগুলির আর্থিক সহায়তার পরিমাণ যেখানে ৭৬ লক্ষ টাকা ধার্য করা হয়েছে, ২০২৮ সালের

আর্থিক বছরের শেষে তা বেড়ে দাঁড়াবে এক কোটি টাকা। ২০২৭-২৮ আর্থিক বছরে আরও এক কোটি ১২ লক্ষ কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

উল্লেখ্য, এসআইডিবিআই আর্থিক পরিষেবা সংক্রান্ত দপ্তরকে তিন দফায় এই ইক্যুইটি দেবে। প্রথম দফায় চলতি আর্থিক বছরে দেওয়া হবে তিন হাজার কোটি টাকা। এছাড়া পরবর্তী আর্থিক বছরে আরও এক হাজার এবং ২০২৭-২৮ আর্থিক বছরে বাকি এক হাজার কোটি টাকা দেওয়া হবে।

---------------------

বিদেশ মন্ত্রী ডক্টর সুব্রমণিয়ম জয়শঙ্কর বলেছেন, দেশগুলির যেকোনো চ্যালেঞ্জের মোকাবিলা, বিশেষ করে সন্ত্রাসবাদ দমনের ক্ষেত্রে একযোগে কাজ করা অত্যন্ত জরুরী। তিনি আজ নতুন দিল্লিতে স্পেনের বিদেশ মন্ত্রী জোস ম্যানুয়েল আলবারেজ বুয়েনো-র সঙ্গে এক বৈঠকে এই অভিমত ব্যক্ত করেন। ভারত ও স্পেন- দুটি দেশ'ই সন্ত্রাসবাদের শিকার বলে উল্লেখ করে ডক্টর জয়শঙ্কর বলেন, সন্ত্রাসবাদী কার্যকলাপের বিরুদ্ধে বিশ্বের প্রতিটি দেশের উচিত 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করা।

ভারত আগামী মাসে নতুন দিল্লিতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI সংক্রান্ত এক সম্মেলনের আয়োজন করবে বলে জানিয়ে বিদেশ মন্ত্রী, AI ক্ষেত্রে ভারতের দৃষ্টিভঙ্গীর কথাও তুলে ধরেন, যা ইওরোপের দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। কৃত্রিম মেধাকে মানব কেন্দ্রিক, সুসংহত, দায়িত্বপূর্ণ, নীতিগত মূল্যবোধ সম্পন্ন হিসেবে অভিহিত করেন তিনি।

ভারত ও স্পেন, ২০২৬ সালকে AI, সংস্কৃতি ও পর্যটনের যুগ্মবর্ষ বা ডুয়েল ইয়ার হিসেবে চিহ্নিত করেছে বলেও উল্লেখ করেন ডক্টর জয়শঙ্কর। দুদেশের মধ্যে

প্রাতিষ্ঠানিক ও শিল্প ক্ষেত্রে সহযোগিতা আরো জোরদার করার ক্ষেত্রে এই বছর বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

(বাইট- জয়শঙ্কর/AI)

ভারত ও স্পেনের কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর পূর্তি হচ্ছে। সেই আবহে দুদেশের মধ্যে গণতান্ত্রিক মূল্যবোধ ও বহুপাক্ষিকতার প্রতি মর্যাদার নিদর্শন হিসেবে আরো সুসম্পর্ক গড়ে উঠবে বলে ডক্টর জয়শঙ্কর প্রত্যয় ব্যক্ত করেন।

---------------------

এয়ার চীফ মার্শাল অমর প্রীত সিং, সেনাবাহিনীর শক্তি বৃদ্ধিতে ব্যাপক রূপান্তরের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন। এই ওশক্তিকে কাজে লাগানোর কথাও বলেন তিনি। নতুন দিল্লীতে জাতীয় নিরাপত্তার প্রয়োজনীয়তার ওপর ২২ তম সুব্রত মুখার্জী সম্মেলনে যোগ দিয়ে শ্রী সিং বলেন, সেনাবাহিনীর শক্তিই হলো আসলে দেশের শক্তি। এই শক্তি, দেশের কূটনীতিকে স্বচ্ছতা, বিশ্বাসযোগ্যতা এবং নিরাপত্তা প্রদান করে।

(বাইট- মার্শাল সিং)

---------------------

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, বুথ লেবেল আধিকারিকদের দেশের নির্বাচনী গণতন্ত্রের বুনিয়াদি স্তম্ভ হিসেবে অভিহিত করেছেন। তিনি আজ নতুন দিল্লিতে গণতন্ত্র ও নির্বাচন পরিচালনা সংক্রান্ত এক আন্তর্জাতিক সম্মেলন- IIC-DEM-এর উদ্বোধন করে ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, ভারত গণতন্ত্রের জননী এবং প্রত্যেক

যোগ্য ভোটদাতার নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা এই গণতন্ত্রের ভিত আরো শক্তিশালী করার পক্ষে অত্যন্ত জরুরী।

মুখ্য নির্বাচন কমিশনার আরও বলেন, গত কয়েক দশকে নির্বাচটন পরিচলানা সংস্থাগুলির কাজ উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ২৮ টি রাজ্য ও আটটি কেন্দ্রশাসিত অঞ্চল নিয়ে বিশ্বের বৃহত্তম গণতন্ত্র ভারতে যেভাবে নির্বাচন পরিচালনা করা হয়, তা নজিরবিহীন বলেও উল্লেখ করেন তিনি।

(বাইট- EC জ্ঞানেশ ১.৪০)

উদ্বোধনী অনুষ্ঠানে বাকি দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ধু ও ডক্টর বিবেক যোশী এবং গণতন্ত্র ও নির্বাচনী সহায়তা সংক্রান্ত আন্তর্জাতি সংস্থার মহাসচিব ডক্টর কেভিন্দ কাসাস জামোরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, তিনদিনের এই সম্মেলনে ৭০টি দেশের শতাধিক আন্তর্জাতিক প্রতিনিধি অংশ নিচ্ছেন। সম্মেলন চলাকালীন কমিশন বিভিন্ন নির্বাচন পরিচালন সংস্থা EMB-র সঙ্গে ৪০ টি দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন।

---------------------

বিজেপি এসআইআর প্রক্রিয়ায় ফ্রম সেভেন জমা দেওয়াকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গে বিভিন্ন প্রান্তে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে হিংসা ছড়ানোর অভিযোগ করেছে। এসআইআর প্রক্রিয়া এবং ফর্ম সেভেন জমা দেওয়াকে কেন্দ্র করে রাজ্যের বিভিন্ন জেলায় তৃণমূল কংগ্রেস কর্মীরা বিক্ষোভ এবং বিশৃঙ্খলা সৃষ্টি করেছে বলে দলের পক্ষ থেকে থেকে জানানো হয়েছে । মূলত ইআরও, বিডিও এবং এসডিও কার্যালয়ের সংলগ্ন এলাকায় বিজেপি কর্মীদের ফর্ম সেভেন জমা দিতে বাধা দেওয়া হচ্ছে বলে দলের

তরফে দাবি করা হয়েছে। বিজেপির অভিযোগ, মুর্শিদাবাদের লালবাগে শাসকদলের কর্মীরা মহকুমা শাসকের কার্যালয়ে প্রবেশ করে ফর্ম সেভেন জমা দেওয়ার কাগজপত্র লুট করে আগুন ধরিয়ে দিয়েছে। এছাড়া আসানসোল,শ্রীরামপুর, উদয়নারায়নপুর,মালদা জলপাইগুড়ি,আলিপুরদুয়ার,দুই দিনাজপুর,উত্তর ২৪ পরগনার বনগাঁ,বসিরহাট দক্ষিণ চব্বিশ পরগণায় মথুরাপুর,যাদবপুর, বাঁকুড়া পুরুলিয়া সহ বিভিন্ন জেলার বিজেপি কর্মীদের ওপর আক্রমণ,পথ অবরোধ,ভাঙচুর সহ একাধিক হিংসাত্মক ঘটনা ঘটেছে। পুলিশ প্রশাসনের উপস্থিতিতে এই ধরনের হিংসাত্মক ঘটনা ঘটলেও পুলিশ কোন পদক্ষেপ নেয়নি বলে বিজেপির পক্ষ থেকে আরো অভিযোগ।

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

----------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ' বিকশিত ভারতের লক্ষ্যে ব্যবসা ব্যবস্থার সরলীকরণ ' । বিশেষ অতিথি প্রযুক্তিবিদ তথা আর্থিক বিশ্লেষক

সুদীপ্ত গুহ'-র সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

---------------------

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ নতুন দিল্লীতে দলের সদর দপ্তরে জাতীয় কার্যনির্বাহী প্রথম বৈঠকে বসেছেন। ভবিষ্যতে দলের রাজনৈতিক কৌশল নিয়ে আলোচনার পাশাপাশি সংগঠনকে আরো শক্তিশালী করে তুলতে মত বিনিময় করছেন তিনি।

উল্লেখ্য, বিজেপির নতুন সর্বভারতীয় সভাপতি হিসেবে গতকালই নীতিন নবীন দায়িত্বভার গ্রহণ করেন।

---------------------

দেশে কেন্দ্র শাসিত জম্মু কাশ্মীরের অর্থনৈতিক, সামজিক ও রাজনৈতিক গুরুত্ব বাড়ানোর জন্য সেখানেই নিরবচ্ছিন্ন রেল পরিষেবা গড়ে তোলা হচ্ছে। আবহাওয়াজনিত কঠোর পরিস্থিতি সত্ত্বেও জম্মু – উধমপুর- শ্রীনগর- বারামুলা রেল লিঙ্ক USBRL project দেশের অন্যতম প্রধান রেল নেটওয়ার্ক হিসেবে গড়ে উঠেছে। স্বাধীনতার পর পাহাড়ী এলাকায় তৈরী হওয়া এই সর্ববৃহত রেল পথের জন্য ৪২ হাজার ৭শো ৬০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সমগ্র যাত্রাপথে রয়েছে ৩৮ টি সুড়ঙ্গ এবং ৯শো ৪৩ টি সেতু। এর মধ্যে সবথেকে উল্লেখযোগ্য ১ হাজার ৩শো১৫ মিটার দীর্ঘ এবং নদীতল থেকে ৩শো৫৯ মিটার উঁচু বিশ্বের উচ্চতম চেনাব রেলব্রীজ বা চন্দ্রভাগা সেতু।

---------------------

কৌশলগত দিক থেকে উল্লেখযোগ্য হিমালয় সন্নিহিত রাজ্য উত্তরাখন্ডের বিকাশে একাধিক গুরুত্বপূর্ণ উদ্যোগ নিয়েছে কেন্দ্র। যোগাযোগ, শক্তি উৎপাদন, টেলি যোগাযোগ বৃদ্ধি এবং পূন্যার্থীদের সুবিধার্থে গড়ে তোলা হয়েছে প্রায় সাড়ে তিন লক্ষ কোটি টাকা মূল্যের ৪২ টি প্রকল্প। এর মধ্যে ১০ টি প্রকল্প ইতিমধ্যেই চালু হয়েছে। কাজ চলছে আরো ৩২ টি প্রকল্পের। এর মধ্যে উল্লেখযোগ্য হলো চার ধাম সড়ক যোগাযোগ, ঋষিকেশ – কর্ণপ্রয়াগ রেল লাইন, দিল্লী দেহরাদুন এক্সপ্রেসওয়ে এবং বৃহৎ জলবিদ্যুত প্রকল্প।

---------------------

নাসা থেকে অবসর নিয়েছেন ভারতীয় বংশোদ্ভুত মহাকাশচারী সুনীতা উইলিয়ামস। দীর্ঘ ২৭ বছর তিনি যুক্ত ছিলেন মার্কিন এই মহাকাশ গবেষণা সংস্থাটির সঙ্গে। আজ সকালে নাসার তরফে জানানো হয়েছে, গত মাসের ২৭ তারিখ অবসর গ্রহণ করেছেন সুনীতা।

এক বিবৃতিতে নাসা জানিয়েছে, তিনটি মহাকাশ মিশনে মোট ৬০৮ দিন ইন্টারন্যাশনাল স্পেশ স্টেশনে কাটিয়েছেন সুনীতা। মহাকাশে হেঁটেছেন মোট ৬২ ঘণ্টা। মহাকাশে দৌঁড়ানো প্রথম মহাকাশচারীও হলেন সুনীতা উইলিয়ামস।২০০৬ সালে নাসার ডিসকভারি যানে চেপে প্রথমবার মহাকাশে পাড়ি দিয়েছিলেন সুনীতা। ২০২৪ সালে বোয়িং স্টার লাইনার করে মহাকাশ অভিযানে যান সুনীতা। গত বছর স্পেস এক্স ক্রিউ -৯ যানে চড়ে তিনি পৃথিবীতে ফিরে আসেন।

বাইট

নাসার হয়ে একাধিক কাজের সঙ্গে যুক্ত ছিলেন এই সুনীতা উইলিয়ামস। দিয়েছেন নতুন মহাকাশচারীদের প্রশিক্ষণ। আগামী মুন মিশনের জন্য তিনি প্রশিক্ষক হিসাবেও যুক্ত ছিলেন নাসার সঙ্গে। সুনীতার কাজ তাদের আগামী কাজগুলিতে উদ্বুদ্ধ করবে এবং নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করবে বলে জানিয়েছে নাসা।

---------------------

রাশিয়ার বিদেশমন্ত্রী সার্গেই লাভরোভ বলেছেন, গ্রীনল্যান্ড প্রাকৃতিকভাবে ডেনমার্কের অংশ নয়। একে ঔপনিবেশিকতার উত্তরাধিকার বলে উল্লেখ করে লাভরোভ জানান, গ্রীনল্যান্ডকে ডেনমার্কের অংশ হিসেবে বিবেচনা করে রাষ্ট্রসঙ্ঘের সনদ লঙ্ঘিত হয়েছে। গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, গ্রীনল্যান্ড ঐতিহাসিক দিক থেকে নরওয়ে এবং ডেনমার্কের উপনিবেশ। বিংশ শতাব্দীর মধ্যবর্তী সময় নাগাদ এটি ডেনমার্কের সঙ্গে যুক্ত হয়। লাভরোভ, ফ্রান্স ও ব্রিটেনের মতো ১৭ টি অঞ্চলের কথা উল্লেখ করেছেন যে গুলি রাষ্ট্রসঙ্ঘের তালিকা তৈরী করেছে।

উল্লেখ্য, ভেটো ক্ষমতা সম্পন্ন রাষ্ট্রসঙ্ঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হিসেবে রাশিয়ার বিদেশমন্ত্রী লাভরভের এই মন্তব্য অত্যন্ত তাতপর্যপূর্ণ।

এদিকে, ট্রাম্প ইতিমধ্যেই ঘোষনা করেছে, গ্রীনল্যান্ড অধিগ্রহনের বিষয়ে যে সব ইউরোপীয় দেশ তাঁর সিদ্ধান্তের বিরোধিতা করবেন, সেই সব দেশের ওপর শুল্কের হার বাড়ানো হবে।

---------------------

২০২২ সালে জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবে হত্যার ঘটনায় জাপানের একটি আদালত, তেতসুয়া ইয়ামাগামিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে। নারায় নির্বাচনী

প্রচার চলাকালীন আবেকে লক্ষ্য করে গুলিচালানোর কথা স্বীকার করে নিয়েছে ইয়ামাগামি। ঘটনাস্থলেই তাকে অস্ত্র সহ গ্রেপ্তার করা হয়।

উল্লেখ্য, নির্বাচনী প্রচারে তাঁর ভাষন শুরু করার আগেই শিনজো আবেকে খুব কাছ থেকে গুলি চালানো হয়। আকাশপথে দ্রুত তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলেও বাঁচানো সম্ভব হয়নি।

---------------------

ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে পুরুষদের পাঁচ ম্যাচের আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটে সিরিজ আজ থেকে শুরু হচ্ছে । নাগপুরের বিদর্ভ ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে সিরিজের উদ্বোধনী ম্যাচ অনুষ্ঠিত ম্যাচ শুরু হবে আজ সন্ধ্যা ৭টায়। সুর্যকুমার যাদবের নেতৃত্বাধীন টিম ইন্ডিয়ার জন্য এই সিরিজ অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ আগামী মাসে অনুষ্ঠিত হতে চলা আইসিসি পুরুষদের টি-২০ বিশ্বকাপের প্রস্তুতির অংশ হিসেবে এই সিরিজকে দেখা হচ্ছে। প্রথম টি-২০ ম্যাচের আগের দিন ভারত অধিনায়ক সুর্যকুমার যাদব জানিয়েছেন , ঈশান কিশন ব্যাটিং অর্ডারে তিন নম্বরে খেলবেন। তিনি জানান, বিশ্বকাপ দলে থাকা এই ব্যাটসম্যানের প্রতি টিম ম্যানেজমেন্টের পূর্ণ আস্থা রয়েছে।

--------------------- ---------------------